গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা- ১২১২
www.dgme.gov.bd

স্মারক নং- 59.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৪.৮৫২ তারিখ: ১৮/০৯/২০২৪ খ্রি.

**২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষে বেসরকারি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সের শূন্য আসনে স্ব অর্থায়নে ভর্তিচ্ছু দেশি শিক্ষার্থীদের পুনরায় অনলাইনে আবেদনের বিজ্ঞপ্তি**

২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষে বেসরকারি মেডিকেল কলেজসমূহের সংশ্লিষ্ট শুন্য আসনে স্ব অর্থায়নে ভর্তিচ্ছু দেশি শিক্ষার্থী ভর্তির নিমিত্তে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীকে টেলিটক এর মাধ্যমে অনলাইনে (http://dgme.teletalk.com.bd) আবেদন করতে হবে। ২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীরা অনলাইন আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহন করতে পারবেন।

১. অনলাইন আবেদন শুরুর তারিখ ঃ ১৯-০৯-২০২৪ খ্রি.
২. অনলাইন আবেদনের শেষ তারিখ ঃ ২৪-০৯-২০২৪ খ্রি. (রাত ১২.০০ টা)
৩. আবেদনের ফি জমাদানের শেষ তারিখ ঃ ২৫-০৯-২০২৪ খ্রি. (রাত ১২.০০ টা)
৪. শুন্য আসনে নির্বাচিত শিক্ষার্থীদের কলেজ ভিত্তিক তালিকা ওয়েব সাইটে প্রকাশ ঃ ৩০-০৯-২০২৪ খ্রি.
৫. ভর্তি শুরুর তারিখ ঃ ০১-১০-২০২৪ খ্রি.
৬. ভর্তির শেষ তারিখ ঃ ০৯-১০-২০২৪ খ্রি.
৭. অনলাইন আবেদন: শিক্ষার্থীকে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষার জন্য ব্যবহৃত **USER ID** ও **Password** এর মাধ্যমে টেলিটক সফটওয়্যারে MBBS (Non Government) Admission ট্যাব নির্বাচন করে ওয়েব লিংক এ লগ ইন করতে হবে। বেসরকারী মেডিকেল কলেজে ভর্তির জন্য আবেদন করার সময় ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ২০২৪ সনের এমবিবিএস ভর্তি পরীক্ষায় আবেদন করার জন্য যে প্রমাণপত্র ব্যবহার করেছেন তা সিস্টেম দ্বারা স্বয়ংক্রিয়ভাবে যাচিত হবে। টেলিটক কর্তৃক আবেদন প্রক্রিয়াকরণ ফি ৫০/- (পঞ্চাশ) টাকা যা প্রি-পেইড নাম্বার থেকে প্রদান করতে হবে।
৮. ওয়েব লিংক এ প্রদর্শিত আসন শূণ্য থাকা মেডিকেল কলেজ সমূহ হতে তার পছন্দক্রম উল্লেখ করে আবেদন করবে। পরবর্তীতে আবেদন পছন্দক্রম ও মেধা অনুযায়ী স্বয়ংক্রিয় সফটওয়্যার এর মাধ্যমে শিক্ষার্থীর জন্য যোগ্য মেডিকেল কলেজ নির্ধারিত হবে। বর্তমানে ছেলেদের ও মেয়েদের মেডিকেল কলেজের মধ্যে আসন শুন্য রয়েছে এরুপ মেডিকেল কলেজ/কলেজসমূহের এক বা একাধিক পছন্দক্রম উল্লেখ করা যাবে।
৯. শূণ্য আসনে বেসরকারি মেডিকেলসমূহে কেবল নিজ অর্থায়নে ভর্তিচ্ছু প্রার্থীদের আবেদন গ্রহন করা হবে। আসন শূণ্য থাকা মেডিকেল কলেজসমূহের নাম সারণি ০১ এ বর্ণিত আছে।
১০. আবেদনকারী শিক্ষার্থীগণ সম্পূর্ণভাবে মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে নির্বাচিত হবেন; অর্থাৎ আবেদনকারীগণকে প্রথমে মেধা ক্রমানুসারে সাজিয়ে একের পর এক বরাদ্দের জন্য নির্বাচন করা হবে। কোন একজন আবেদনকারীকে বরাদ্দের ক্ষেত্রে তার পছন্দের তালিকার ক্রমানুযায়ী প্রথম যেই বেসরকারি মেডিকেল কলেজে আসন ফাকা থাকবে সেখানেই তাকে বরাদ্দ দেয়া হবে। তবে বরাদ্দের সময় যদি প্রার্থিত শূণ্য আসন পূর্ণ হয়ে যায় সেক্ষেত্রে সেই আবেদনকারী শিক্ষার্থী কলেজ ভিত্তিক প্রকাশিত তালিকার বিবেচিত হবেন না।
১১. বেসরকারি মেডিকেল কলেজে ভর্তির জন্য অনলাইন টেলিটক কর্তৃক আবেদন প্রক্রিয়াকরণ ফি ৫০/- (পঞ্চাশ) টাকা টেলিটক প্রি-পেইড নম্বর হতে প্রদান করতে হবে। নির্ধারিত সময়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা মেধাক্রম অনুযায়ী কোন মেডিকেল কলেজে ভর্তির সুযোগ প্রাপ্ত হবেন তা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
১২. ডিক্লারেশন:

**১২.১** শিক্ষার্থীকে অনলাইন আবেদনের ডিক্লারেশন অংশ এই মর্মে ঘোষণা দিতে হবে যে, শিক্ষার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে শিক্ষার্থী নির্বাচন কলেজে ভর্তি এমনকি ভর্তির পর যে কোনো পর্যায়ে ভর্তি বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১২.২** ২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষে বিশেষ বিবেচনায় সরকারি মেডিকেল কলেজসমূহে ৪র্থ মাইগ্রেশন শেষে এমবিবিএস কোর্সের কলেজ ভিত্তিক শূণ্য আসনে নির্বাচিত কোনো শিক্ষার্থী এই বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বে অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিরত থাকলে সরকারি মেডিকেল কলেজের শূণ্য আসন নির্বাচিত হওয়ার পর সংশ্লিষ্ট কলেজে ভর্তির সময় নিজ দায়িত্বে পূর্বের ভর্তি বাতিলপূর্বক উক্ত কলেজে ভর্তি হতে পারবে। এক্ষেত্রে প্রশাসনিক ও আর্থিক দায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর বহন করবেনা বিষয়টি সম্পর্কে আবেদনকারী শিক্ষার্থী অবগত আছেন।

১৩. **অনলাইন আবেদনপত্র পূরণের নিয়মাবলি:**

**১৩.১** ভর্তিচ্ছু শিক্ষার্থীকে টেলিটকের ওয়েব পোর্টালে (http://dgme.teletalk.com.bd) প্রবেশ করে MBBS (Non Government) Admission ট্যাব সিলেক্ট করতে হবে এরপর এমবিবিএস ভর্তি পরীক্ষার **USER ID ও Password** দিয়ে লগইন করার পর সংশ্লিষ্ট শিক্ষার্থীর টেলিটকে পূর্বে আবেদনকালীন তথ্যসহ বিশেষ বিবেচনায় ভর্তির জন্য সংশ্লিষ্ট বেসরকারি মেডিকেল কলেজসমূহের শূণ্য আসনের তালিকা পাওয়া যাবে। **ভর্তিচ্ছুক শিক্ষার্থীকে উক্ত তালিকা থেকে সতর্কতার সাথে শূণ্য আসন থাকা মেডিকেল কলেজসমূহের এক বা একাধিক Choice নির্বাচন করতে হবে। কোনো আবেদনকারী শিক্ষার্থী মেডিকেল কলেজকে পছন্দের তালিকায় না রাখলে উক্ত মেডিকেল কলেজে নির্ধারণের জন্য বিবেচিত হবে না। একবার Choice নির্বাচন করা হয়ে গেলে Choice পরিবর্তন করা যাবে না। ভর্তিচ্ছু শিক্ষার্থী এমবিবিএস ভর্তি পরীক্ষার USER ID ব্যবহার করে টেলিটক কর্তৃক আবেদন প্রক্রিয়াকরণ ফি ৫০/-** (পঞ্চাশ) টাকা জমা প্রদান করবেন।

**১৩.২** অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলি ভালভাবে পড়ে, বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে দাখিল করতে হবে। দাখিলকৃত আবেদনপত্রের কোনো পরিবর্তন করা যাবে না এবং আবেদনপত্র চুড়ান্তভাবে গৃহীত হবে।

**ভর্তিচ্ছু শিক্ষার্থীর সারনী ১ এ বর্ণিত আসন শূণ্য থাকা বেসরকারি মেডিকেল কলেজসমূহের নাম ও কোড নং নিজের পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেয়া যেতে পারে।**

১৩.৩ সঠিকভাবে আবেদনপত্র পূরণ হলে Validation Code পূরণ করে Submit Button এ ক্লিক করতে হবে, প্রিভিউ অপসনে প্রার্থী কর্তৃক পূরণকৃত অনলাইন আবেদন দেখা যাবে। আবেদন সঠিক হলে চূড়ান্ত Submit Button এ ক্লিক করে Applicant Copy PDF version download করতে হবে। Download কৃত Applicant Copy তে USER ID থাকায় এই USER ID ব্যবহার করে নিম্নে বর্ণিত ফি জমাদান পদ্ধতির মাধ্যমে টেলিটক প্রিপেইড মোবাইল থেকে ফি জমা দিতে হবে।

১৩.৪ টেলিটক কর্তৃক আবেদন প্রক্রিয়াকরণ **ফি জমা দেয়ার পদ্ধতি :**

অনলাইন আবেদনের সময়: টেলিটকের প্রি-পেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে MBBSNG লিখে, স্পেস দিয়ে USER ID লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে: উদাহরণ: MBBSNG <Space>FRLGCT টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া USER ID। ফিরতি SMS -এ একটি PIN, প্রার্থীর নাম এবং টেলিটক কর্তৃক আবেদন প্রক্রিয়াকরণ ফি হিসেবে ৫০/- (পঞ্চাশ) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

**Message** অপশনে গিয়ে **MBBSNG** লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে।
উদাহরণ: MBBSNG **<Space>YES<Space> 456789** টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে 456789 হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের প্রি-পেইড মোবাইল থেকে টেলিটক কর্তৃক আবেদন প্রক্রিয়াকরণ ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS - এ আবেদন নিশ্চিত করা হবে।

**সারণী- ০১ : বিশেষ বিবেচনায় ভর্তির জন্য বেসরকারি মেডিকেল কলেজসমূহের শূণ্য আসনে তালিকা:**

| Sl. | College Name | M/F | Code | Total Seats | Vacant Seats |
|---|---|---|---|---|---|
| 1 | Ad din Akij Medical College, Khulna | Male+Female | 101 | 60 | 02 |
| 2 | Ad din Bashundhara Medical College, Dhaka. | Male+Female | 102 | 50 | 01 |
| 3 | Ahsania Mission Medical College, Dhaka | Male+Female | 105 | 50 | 16 |
| 4 | Asgar Ali Medical College, Dhaka. | M/F | 107 | 50 | 08 |
| 5 | Ashiyan Medical College,Dhaka | Male+Female | 108 | 50 | 10 |
| 6 | Barind Medical College,Rajshahi. | Male+Female | 110 | 105 | 19 |
| 7 | BGC Trust Medical College, Chattogram. | Male+Female | 111 | 100 | 19 |
| 8 | Bikrampur Bhuiyan Medical College, Munshiganj. | Male+Female | 112 | 57 | 19 |
| 9 | Chattogram International Medical College. | Male+Female | 115 | 60 | 02 |
| 10 | City Medical College, Gazipur. | Male+Female | 117 | 80 | 34 |
| 11 | Community Based Medical College, Mymenshing. | Male+Female | 118 | 140 | 05 |
| 12 | Delta Medical college, Dhaka. | Male+Female | 119 | 90 | 07 |
| 13 | Dhaka Central International Medical College,Dhaka | Male+Female | 120 | 90 | 04 |
| 14 | Dhaka Community Medical College,Dhaka | Male+Female | 121 | 100 | 09 |
| 15 | Dhaka National Medical College, Dhaka. | Male+Female | 122 | 130 | 08 |
| 16 | Dr Sirajul Islam Medical College, Dhaka | Male+Female | 124 | 100 | 04 |
| 17 | Eastern Medical College, Cumilla | Male+Female | 125 | 115 | 04 |
| 18 | East West Medical College, Dhaka | Male+Female | 126 | 127 | 02 |
| 19 | Gazi Medical College, Khulna | Male+Female | 128 | 100 | 08 |
| 20 | Green Life Medical College, Dhanmondi, Dhaka | Male+Female | 129 | 120 | 02 |
| 21 | Ibrahim Medical College, Dhaka | Male+Female | 132 | 120 | 01 |
| 22 | International Medical College,Tongi, Gazipur. | Male+Female | 134 | 130 | 03 |
| 23 | Jahurul Islam Medical College,Kishoreganj | Male+Female | 136 | 100 | 01 |
| 24 | Khwaja Younus Ali Medical College, Sirajganj | Male+Female | 138 | 105 | 01 |
| 25 | Khulna City Medical College, Khulna | Male+Female | 139 | 50 | 03 |
| 26 | Kumudini Womens Medical College,Tangail. | **Female** | 140 | 120 | 01 |
| 27 | Marks Medical College, Dhaka | Male+Female | 142 | 70 | 06 |
| 28 | Medical College for Women, Uttara , Dhaka. | **Female** | 143 | 95 | 01 |
| 29 | Monowara Sikder Medical College, Shariyatpur. | Male+Female | 146 | 50 | 16 |
| 30 | North Bengal Medical College, Sirajganj | Male+Female | 148 | 85 | 11 |
| 31 | Parkview Medical College, Sylhet | Male+Female | 150 | 82 | 16 |
| 32 | Popular Medical College, Dhanmondi, Dhaka. | Male+Female | 151 | 105 | 02 |
| 33 | President Abdul Hamid Medical College,Kisoreganj | Male+Female | 152 | 95 | 23 |
| 34 | Rangpur Community Medical College Hospital, Rangpur | Male+Female | 154 | 135 | 05 |
| 35 | Samaj Vittic Medical College, Dhaka. | Male+Female | 155 | 50 | 06 |
| 36 | Shahabuddin Medical College, Gulshan, Dhaka. | Male+Female | 156 | 90 | 01 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 37 | Shaheed Monsur Ali Medical College, Dhaka. | Male+Female | 157 | 140 | 08 |
| 38 | South Apollo Medical College, Barishal | Male+Female | 158 | 50 | 14 |
| 39 | Southern Medical College, Chattogram | Male+Female | 159 | 65 | 04 |
| 40 | Sylhet Women Medical College, Sylhet | **Female** | 160 | 100 | 01 |
| 41 | Tairunnessa Medical College, Gazipur | Male+Female | 161 | 105 | 02 |
| 42 | TMSS Medical college. Bogura. | Male+Female | 162 | 150 | 03 |
| 43 | United Medical College, Gulshan, Dhaka | Male+Female | 163 | 50 | 09 |
| 44 | Universal Medical College, Dhaka. | Male+Female | 164 | 60 | 02 |
| 45 | US Bangla Medical College, Narayangonj | Male+Female | 165 | 60 | 03 |
| 46 | Z.H Sikder Womens Medical College, Dhaka | **Female** | 167 | 100 | 02 |
| | **Total Vacant Seats** | | | | 328 |

**Data source: Respective Private Medical Colleges.**

১৪. বেসরকারি মেডিকেল কলেজের এমবিবিএস কোর্সের বিভিন্ন প্রকার ফিঃ বেসরকারি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রযোজ্য হবে। কোনো অবস্থাতেই সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত আদায় করা যাবে না। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের চিকিৎসা শিক্ষা-২ শাখার ১৬-০২-২০২৩ খ্রি. তারিখের ৭৫ নং স্মারক প্রযোজ্য হবে।

১৫. কলেজ ভিত্তিক নির্বাচিত ভর্তিচ্ছুক শিক্ষার্থীকে আবেদনপত্রে যে সকল তথ্য ও সনদপত্র উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই দাখিল করতে হবে। ভর্তির সময় সংশ্লিষ্ট মেডিকেল কলেজের অধ্যক্ষ কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড নির্বাচিত শিক্ষার্থীদের স্বাস্থ্য পরিক্ষা সম্পন্ন করবেন এবং স্থানীয় ভর্তি কমিটি প্রয়োজনীয় কাগজপত্রাদি যাচাই বাছাই করে যোগ্য শিক্ষার্থীদের ভর্তির সুপারিশ করবেন। ভর্তির পর প্রত্যেক কলেজ কর্তৃপক্ষ প্রত্যেক ছাত্র/ছাত্রীর এসএসসি, এইচএসসি বা সমমান পরীক্ষার সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের মাধ্যমে সত্যতা যাচাই করবেন।

১৬. এমবিবিএস কোর্সের ছাত্র/ছাত্রীদের বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল অনুমোদিত চলতি কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম সম্পাদন করতে হবে। কোর্স শেষে স্ব স্ব মেডিকেল কলেজ হাসপাতালে বিএমএন্ডডিসি নির্ধারিত লগবুক অনুযায়ী এক বছর ইন্টার্নশীপ সকলের জন্য বাধ্যতামুলক কোন অবস্থাতেই অন্য মেডিকেল কলেজে ইন্টার্নশীপ মাইগ্রেশন করা যাবে না।

১৭. বেসরকারি মেডিকেল কলেজে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত ও অনুমোদিত 'মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা ২০২৪ প্রযোজ্য হবে।

১৮. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, বেসরকারি মেডিকেল কলেজ নির্ধারণ ও চূড়ান্তকরণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে।

১৯ নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য (যা কলেজ নির্ধারনে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে, তার আবেদন /কলেজ নির্ধারন/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২০. যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।


অধ্যাপক ডা: মো: মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ফোনঃ ৪৮৮১১২০০
e-mail: medicaledu313@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৪.৮৫২

তারিখ: ১৮/০৯/২০২৪ খ্রি.

০১. মাননীয় উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব)
০২. মাননীয় উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
০৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
০৪. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
০৫. উপাচার্য, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা
০৬. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
০৭. উপাচার্য, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
০৮. উপাচার্য, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
০৯. উপাচার্য, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা।
১০. উপাচার্য, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট।
১১. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা।
১২. উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
১৩. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।
১৪. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর।
১৫. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক, প্রশাসন-১)
১৬. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক, সমন্বয়)
১৭. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮. অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৯. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২০. অধ্যক্ষ.....................................................................বেসরকারী মেডিকেল কলেজ (সকল)
২১. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা/উপ পরিচালক (আর্থিক ব্যবস্থাপনা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
২২. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
২৩. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অধি শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৪. চেয়ারম্যান, কম্পিউটার সায়েন্সেস বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২৫. উপ-সচিব (চিকিৎসা শিক্ষা -১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৬. উপ-সচিব (চিকিৎসা শিক্ষা -২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৭. অধ্যক্ষ.....................................................................বেসরকারী মেডিকেল কলেজ (সকল)
২৮. রেজিস্ট্রার, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
২৯. জেনারেল ম্যানেজার (ডিজিটাল সার্ভিসেস) টেলিটক বাংলাদেশ লি:, ঢাকা।
৩০. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৩১. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন
৩২. অফিস কপি।

অধ্যাপক ডাঃ মো: মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com